**পুনঃউপযোজন বলতে কি বুঝায়? এটা কেন প্রয়োজন এবং শর্ত সমূহ**

পুনঃউপযোজন বলতে কি বুঝায়? এটা কেন প্রয়োজন? ও পুনঃউপযোজন : জেনারেল ফাইনানসিয়াল রুলস এর রুল ২(২০) অনুযায়ী পুনঃউপযোজন বলিতে উপযোজনের এক ইউনিট হইতে অন্য ইউনিটে তহবিল স্থানান্তরকে বুঝায়।

যখন অবগত হওয়া যায় যে, কোনো ইউনিটে যে পরিমাণ অর্থ উপযোজন করা হইয়াছে তাহা ঐ ইউনিটে ব্যয় হইবে না কেবল তখনই উপযুক্ত কর্তৃপক্ষের আনুষ্ঠানিক আদেশ মোতাবেক ইহা মঞ্জুর করা হয়। পুনঃ উপযোজন নির্দিষ্টসংশ্লিষ্ট অর্থ বৎসরের মধ্যেই সম্পন্ন করিতে হইবে। এটা কেন প্রয়োজন : যখন বরাদ্দকৃত কোনো খাতের অর্থ নিঃশেষ হইয়া যায় এবং উক্ত খাতের ব্যয় নির্বাহ অতি জরুরী তখন বরাদ্দকৃত অন্য খাতের অর্থ হইতে পুনঃউপযোজনের মাধ্যমে নিঃশেষিত খাতের ব্যয় নির্বাহ করিতে পারে।

# পুনঃউপযোজনের শর্তসমূহ

জেনারেল ফাইনানসিয়াল রুলস্-এর রুল-১৫৭ অনুযায়ী বিভিন্ন প্রকারের পনংউপযোজনের উদ্ভব হইতে পারে। এই সমস্ত পুনঃউপযোজনের মঞ্জরী প্রদানের যথাযথ কর্তৃপক্ষ সম্পর্কে নিয়ে বিস্তারিতভাবে উল্লেখ কর।

(১) এই মঞ্জরীর অধীন এক ভোটেড আইটেম হইতে অন্য কে এক ভোটেড আইটেম হইতে অন্য ভোটেড আইটেমে :

(ক) অর্থ বিভাগ একই মঞ্জুরীর অধীন এক ভোটেড আইটেম হইতে অন্য ভোটেড আইটেমে পুনঃ উপযোজনের অনুমোদন প্রদান করিতে পারে।

(খ) আর্থিক ব্যয়ের সহিত সম্পৃক্ত নয় এইরূপ অপারেটিং ইউনিটসমূহের মধ্যে পুনঃউপযোজনের অনুমোদন মন্ত্রীগণ প্রদান করিতে পারেন।

(২) এক মঞ্জুরী হইতে অন্য মঞ্জুরী সম্পৃক্ত এক ভোটেড আইটেম হইতে অন্য ভোটেড আইটেমে পুনঃউপযোজন। সম্পূরক মঞ্জুরী সংসদ কর্তৃক ভোটেড হইতে হইবে এই ক্ষেত্রে অধস্তন কর্তৃপক্ষের পুনঃউপযোজনের কোনো ক্ষমতা নাই।

(৩) এক দায়যুক্ত আইটেম হইতে অন্য দায়যুক্ত আইটেম : এক অপারেটিং ইউনিট হইতে অন্য অপারেটিং ইউনিটের পুনঃ উপযোজন প্রধান বিচারপতি এবং মন্ত্রীগণ অনুমোদন করিতে পারিবেন। প্রয়োজন হইলে এক দায়যুক্ত আইটেম হইতে অন্য দায়যুক্ত আইটেমে যেকোননা অনুষ্ঠানিক পুনঃউপযোজনের অনুমোদন অর্থ বিভাগ করিবে।

(৪) এক দায়যুক্ত আইটেম হইতে ভোটেড আইটেমে : সংসদ ব্যতীত ভোটেড আইটেমের বরাদ্দ বৃদ্ধির কোনো পুনঃউপযোজন গ্রহণযোগ্য নহে।

(৫) ভাোটেড খাত হইতে দায়যুক্ত খাতের কোনাে পুনঃউপযাোজন গ্রহণযাোগ্য নহে, কিন্তু ভাোটেড বরাদ্দে উল্লিখিত বিশেষ চিহ্নিত সঞ্চয় যেকোনাে দায়যুক্ত ব্যয়ের বিপরীতে অর্থ বিভাগ সম্পূরক বরাদ্দে অনুমাোদন করিতে পারে। তবে এই মমে হইবে যে, ভাোটেড মঞ্জুরীর উল্লিখিত ব্যয় এমন সতর্কতার সহিত করিতে হইবে যাহাতে ব্যয়—হ্রাসকৃত বরাদ্দের মধ্যে সীমিত থাকে।

টীকা : পুনঃউপযাোজনের ক্ষমতা অধস্তন কর্তৃপক্ষের উপর ন্যস্ত করা হয়। তবে এইরূপ অর্পণের বিষয়টি সরকার কর্তৃক সাধারণ বা নির্দিষ্টভাবে আরাোপিত শর্তসমূহের আওতায় কার্যকর হইবে।

## আর্থিক যথার্থতার মানদণ্ড

জেনারেল ফাইনানসিয়াল রুলস্ এর রুল - ১০ তে এই সংবিধান নিরূপ : রুল ১০। সরকারী তহবিল হইতে অর্থ ব্যয়ের অনুমতি প্রদান ক্ষমতাপ্রাপ্ত প্রত্যে কর্মকর্তা উক্ত আর্থিক যথার্থতার সনদ দ্বারা হইবেন। এই ক্ষেত্রে যে সকল নীতির উপ সাধারনত গুরুত্ব আরাোপ করা হয় তাহা নিম্নরূপ :

একজন দূরদর্শনী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন, সরকারী কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন।